

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩
“পল্লী ভবন”

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
ফোন: ০২-৮১৮০০৪০-৪১

Website: www.prdp-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-৫৪৬

তারিখঃ ১৮/০৪/২০১৯ খ্রি:

ইউডিও/ এআরডিও (ইউডিও'র অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)

পিআরডিপি-৩, বিআরডিবি,

..... উপজেলা,

..... জেলা।

বিষয়: পিআরডিপি-৩ শীর্ষক প্রকল্পের আওতায় বাস্তবায়িত স্কীমের ফলকসহ ছবি ও তথ্য এবং প্রশিক্ষণের ব্যানারের ছবিসহ তথ্য (সফট ও হার্ডকপিসহ) প্রেরণ।

সূত্র: (১ম) ৪৭.৬২.০০০.৯০৬.০৫.০৮১.১৬-৩৯, তারিখ: ০৫/০৭/২০১৮ খ্রি:

(২য়) ৪৭.৬২.০০০.৯০৬.০৫.০৮১.১৬-৪২৬, তারিখ: ২৬/১১/২০১৮ খ্রি:

(৩য়) ৪৭.৬২.০০০.৯০৬.০৫.০৮১.১৬-৫৭৮, তারিখ: ২৬/১১/২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্ণিত সূত্রমূলে প্রকল্পের আওতায় বাস্তবায়িত স্কীম ও প্রশিক্ষণের বছর ভিত্তিক তথ্য চেয়ে পত্র প্রেরণ করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, পিআরডিপি-৩ প্রকল্পভুক্ত অনেক উপজেলা হতে অদ্যাবধি প্রকল্পের আওতায় বাস্তবায়িত স্কীম ও প্রশিক্ষণের বছর ভিত্তিক তথ্য প্রেরণ করা হয়নি। তাছাড়া কিছু কিছু উপজেলা হতে তথ্য প্রেরণ করা হলেও ছবিসহ স্কীম ও প্রশিক্ষণের তথ্য (সফট ও হার্ডকপিসহ) প্রেরণ করা হয়নি। ফলে মন্ত্রণালয়সহ পরিকল্পনা কমিশন ও বিভিন্ন দপ্তরে প্রকল্পের সদর কার্যালয় হতে তথ্য প্রেরণের ক্ষেত্রে জটিলতা দেখা দিচ্ছে এবং প্রকল্পের কর্তৃপক্ষকে সঠিক তথ্য প্রদানের ক্ষেত্রে প্রায়শই বিব্রতকর অবস্থায় পড়তে হচ্ছে।

এমতাবস্থায়, পিআরডিপি-৩ প্রকল্পের শুরু থেকে মার্চ/২০১৯ পর্যন্ত বছরওয়ারী নির্ধারিত ছকে বাস্তবায়িত স্কীমের ফলকসম্বলিত ছবি ক্যাপশনসহ ও তথ্য এবং প্রশিক্ষণের ব্যানারের ছবি ক্যাপশনসহ তথ্য (সফট ও হার্ডকপিসহ) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ৩০/০৪/২০১৯ খ্রি: তারিখের মধ্যে প্রকল্পের সদর কার্যালয়ে প্রেরণের জন্য বলা হলো। ব্যর্থতায় সংশ্লিষ্ট ইউডিও'দের চুক্তিপত্রের (২) এর (ঙ) অনুযায়ী চাকুরী হতে অব্যাহতি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে এবং সংশ্লিষ্ট এআরডিও'দের (ইউডিও'র অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্তি: ১। স্কীমের বর্ণনা ও ছবির নমুনা ছক।

২। প্রশিক্ষণের বর্ণনা ও ছবির নমুনা ছক।



মোঃ আবু সাঈদ

প্রকল্প পরিচালক

ফোন: ০২-৮১৮০০৪১

তারিখঃ ১৮/০৪/২০১৯ খ্রি:

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-৫৪৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। ইউআরডিও, বিআরডিবি,..... উপজেলা, জেলা।

২। উপপরিচালক, বিআরডিবি, জেলা (সকল)।

৩। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৫। অফিস কপি।



সেখ আমিনুর ইসলাম

উপপরিচালক

ফোন: ০২-৮১৮০০৪০

সংযুক্তি: ১ স্কিমের তথ্য শ্রেণের ছক

ক্র: নং	ভিডিসির নাম	স্কিমের নাম	স্কিমের ব্যয়	এসআইটি সভাপতির নাম	মোবাইল নাম্বার	অর্থ বছর
---------	-------------	-------------	---------------	--------------------	----------------	----------

স্কিম নং- ০১ (নমুনা)

স্কিমের নাম: আড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সিমানা প্রাচীর নির্মাণ।

ইউনিয়ন: আড়িয়া, উপজেলা: দৌলতপুর, জেলা: কুষ্টিয়া।

অর্থ বছর: ২০১৫-১৬, মোট ব্যয়: ১,০০,০০০/-



পূর্বের অবস্থা : আড়িয়া সঃ প্রাঃ বিদ্যাঃ

স্কিমের পূর্বের অবস্থা



স্কিমের কাজ চলমান অবস্থা



বর্তমান নির্মিত প্রাচীর
আড়িয়া সঃ প্রাঃ বিদ্যালয়

স্কিমের কাজ পরবর্তী অবস্থা

সংযুক্তি: ২ প্রশিক্ষণের তথ্য প্রেরণের ছক

ক্র: নং	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণের স্থান ও তারিখ	ভিডিসি সভাপতির নাম	মোবাইল নং	প্রশিক্ষণার্থীর সংখ্যা	অর্থ বছর

প্রশিক্ষণ নং- ০১ (নমুনা)

ভিডিসির নাম: কুঞ্জবন গ্রাম উন্নয়ন কমিটি

প্রশিক্ষণের বিষয়: কৃষি বিষয়ক (ধান চাষ)

প্রশিক্ষণের স্থান ও তারিখ: কুঞ্জবন গ্রাম, রাধাগঞ্জ ইউপি।

উপজেলা: কোটালীপাড়া, জেলা: গোপালগঞ্জ

অর্থ বছর: ২০১৬-১৭, মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা: ৩০



(Handwritten signature)